

TDC Odd Semester Exam., 2020
held in July, 2021

BENGALI

(Honours)

(1st Semester)

Course No. : BNGH-102

(মধ্যযুগের বাংলা কাব্য)

পূর্ণমান : ৫০
উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পাশ্চাত্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

- ১। ‘পূর্বরাগ’ পর্যায়ের সংজ্ঞা ও তাৎপর্য নির্দেশ করো। ‘পূর্বরাগ’ পর্যায়ের পদগুলোর কাব্য-সৌন্দর্য আলোচনা করো। $(2+2)+10=18$

অথবা

- ২। ‘মাথুর’ কাকে বলে? ‘মাথুর’ পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার নাম উল্লেখ করে এই পর্যায়ের পদ রচনায় তাঁর কৃতিত্বের পরিচয় দাও। $2+(1+11)=18$

- ৩। কেতকাদাসের ‘মনসামঙ্গল’ কবে লেখা হয়েছিল? কোন্ অঞ্চলে তাঁর কাব্য বেশি জনপ্রিয় হয়েছিল? ‘মনসামঙ্গল’ কাব্যধারায় কেতকাদাসের কবি-প্রতিভার স্বরূপ বিচার করো। $2+2+10=18$

অথবা

- ৪। মধ্যযুগে ‘মঙ্গলকাব্য’-এর জনপ্রিয়তার কারণ কী? কেতকাদাসের ‘মনসামঙ্গল’ কাব্য অনুসরণে বেহুলা চরিত্রটি আলোচনা করো। $8+10=18$

- ৫। ‘আগমনী-বিজয়া’ সঙ্গীত বলতে কী বোঝ? এই পর্যায়ের সঙ্গীতগুলোর প্রধান রস কী? এই পর্যায়ের পদগুলোর কাব্য-মূল্য আলোচনা করো। $3+1+10=18$

অথবা

- ৬। শাক্ত পদসাহিত্য কোন্ সময়ের রচনা? শাক্ত-পদসাহিত্যের ‘আগমনী’ ও ‘বিজয়া’ পর্যায়ের প্রধান দুইজন কবির নাম লেখো। ‘আগমনী-বিজয়া’ পর্যায়ের সঙ্গীতগুলোতে বাঙালির পারিবারিক জীবনের যে ছবি ফুটে উঠেছে তা আলোচনা করো। $1+2+11=18$

- ৭। সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোনো দুটি) : $8 \times 2 = 16$

(ক) বৈষ্ণব সাহিত্যে ব্রজবুলি

(খ) বৈষ্ণব কবি গোবিন্দদাস

(গ) কেতকাদাস ক্ষেমানন্দের ‘মনসামঙ্গল’ কাব্যের ‘মনসা’ চরিত্র

(ঘ) শাক্তপদাবলীর নবমী নিশি

(ঙ) শাক্তপদাবলীর মেনকা চরিত্র
